# দিঘলিয়া উপজেলা পরিষদের মার্চ/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-৩ )

সভাপতি : শেখ মারুফুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ২৭ মার্চ ২০২৩, সোমবার

সময় : বেলা ১২: ৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার দিনের সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত ফেব্রুয়ারি ২০২৩, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | ফেব্রুয়ারি ২০২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| | স্থায়ী কমিটি সমূহের সভা | উপজেলা নির্বাহী অফিসার সভায় স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে কিনা জানতে চাইলে সংশ্লিষ্ট অফিস সহকারী জানান যে, মার্চ ২০২৩ মাসে ০৯ টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়কে, যথাসময়ে সভা আহবান পূর্বক সভার কার্যবিবরণী প্রেরণের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, নিয়মিতভাবে স্থায়ী কমিটির সভা আহবান করতে হবে এবং মাসিক সাধারন সভার কার্যবিবরনীতে অন্তর্ভুক্ত করারমত বিষয়টুকু গুছিয়ে এই কার্যবিবরণীর ফরমেটে সফট কপি ও হার্ড কপি দিতে হবে। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান- দ্বয় |
| ০৩ | উপজেলা পরিষদের আয়-ব্যয়সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: ফেব্রুয়ারি/২০২৩ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়- /- ১২,৩৭,৭০২/-<br>মোট ব্যয়- /- ৪,৬৮,২৮৪/- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কমিটি। | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, এইচএসসি পরীক্ষা-২২ এর ফলাফল প্রকাশ হয়েছে। অত্র উপজেলায় পরীক্ষার্থী ছিল ৫৯৮ জন, পাশ করেছে ৪৬৬ জন, A+ পেয়েছে ৪৬ জন। আগামীতে আরো ভালো ফলাফলের জন্য প্রতিষ্ঠান প্রধানদেরকে অনুরোধ করা হয়। তিনি আরো বলেন মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার মানন্নোয়নের জন্য যথাযথ মনিটরিং ও পরামর্শ প্রদান করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা একাডেমিক সুপারভাইজারকেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের আহবান জানানো হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার মানন্নোয়নের জন্য নিয়মিত মনিটরিং ও পরামর্শ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিঘলিয়া খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | উপজেলা কৃষি ও সেচ কমিটি | সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, বর্তমানে মাঠে বোরো ধানের আবাদ ৪৮৫০ হেঃ বীজতলা অর্জিত হয়েছে এর মধ্যে উফশী ৯৫০ হেঃ ও হাইব্রিড ৩৯০০ হেঃ এবার বোরো ধানের লক্ষ্যমাত্রা ৪৯০০ হেক্টর। রবি মৌসুমে জমিতে ৩১০ হেঃ সবজী আবাদ হয়েছে। ফসলের পোকা মাকড় ও রোগের প্রাদুর্ভাব ও প্রাকৃতিক দুর্যোগ না থাকায় বর্তানে মাঠে সজীর অবস্থা খুব ভালো ও কৃষকরা সবজীর ভাল দাম পাওয়ায় আনন্দিত। তিনি আরো বলেন দিঘলিয়া উপজেলায় বোরো মৌসুমে ৪,৯০০ হেক্টর জমিতে বোরো ধানের চারা রোপন করা হয়েছে। কৃষি অফিসার সভাকে অবহি করেন। বর্তমানে সারের মজুদ পরিস্থিতি ইউরিয়া ১৬৮ মে:টন, টিএসপি: ৩৮মেঃ টন, ডিএপি: ৮৯.০০ মেঃ টন, এমওপি ৩৮ মেঃটন যাহা সন্তোষজনক। অত্র অঞ্চলে চুঁইঝালের চাহিদা বৃদ্ধি পাওয়ায় এবং বাজারমূল্য বেশী থাকায় অত্র উপজেলায় কৃষকদের মাঝে চুঁইঝালের চাষে ব্যাপক সাড়া পড়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে মাঠ পর্যায়ের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করাসহ উপজেলা পরিষদের এডিপি অথবা রাজস্ব তহবিল হতে অর্থ বরাদ্দ সাপেক্ষে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা কৃষি অফিসার এবং উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| ০৬ | উপজেলা সমাজসেবা কমিটি | সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, সকল ভাতাভোগীদের ক্ষেত্রে যে সব ভাতা ভোগী মৃত্যু বরন করেছে তাদের তালিকা প্রদান এবং তৎপরিবর্তে নতুন ভাতা ভোগীদের তালিকা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়গনকে পত্র দেয়া হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি নিয়ম নীতি অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, দিঘলিয়া খুলনা। |
| ০৭ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা স্থায়ী কমিটি | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জনান যে, বৃষ্টি শুরু হওয়ার পর থেকেই ডেঙ্গু মশার আর্বিভাব দেখা দেয়। তাই তিনি ডেঙ্গু মশার উৎপত্তি স্থান বাড়ির আঙ্গিনাসহ আশ পাশ পরিস্কার পরিচ্ছন্ন রাখার বিষিয়ে তিনি সচেতন থাকার পরামর্শ প্রদান করেন। এছাড়া দিঘলিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে ছাদের অবস্থা খুব খারাপ, ছাদ দিয়ে পানি পড়ে। তিনি আরো বলেন ছাদটি যে কোন সময় ভেঙ্গে পড়ে বড় ধরনের দূর্ঘটনা ঘটতে পারে। তাই তিনি দুত ছাদটি মেরামত করার জন্য সভায় বিনীত অনুরোধ করেন। | সভায় বিস্তরিত আলোচনান্তে আমাদের আঙ্গিনার চার পাশ পরিস্কার পরিচ্ছন্ন রাখাসহ ইউনিয়ন স্বাস্থ্যা ও পরিবার কল্যান কেন্দ্রের ছাদ মেরামতের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তরে যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ০৮ | উপজেলা প্রাথমিক ও গণ শিক্ষা কমিটি | সভায় উপজেলা শিক্ষা অফিসার জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন ওয়াশব্লক নির্মাণ প্রকল্পের আওতায় উপজেলার ৫০ নং উত্তর হাজীগ্রাম সরকারী প্রাথমিক বিদ্যালয়টিতে দ্বিতল বিশিষ্ট একটি ওয়াশব্লক নির্মাণের জন্য দরপত্র আহবানসহ যাবতীয় প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। অচিরেই ঠিকাদারের অনুকূলে কার্যাদেশ প্রদান করা হবে কিন্তু বিদ্যালয়ে যে স্থানে উক্ত ওয়াশব্লক নির্মাণ করা হবে সে স্থানে ০২ টি পরিত্যাক্ত টয়লেট ও সেফটি ট্যাংকি থাকায় তা জরুরী ভিত্তিতে অপসারণ না করা পর্যন্ত কাজ শুরু করা সম্ভব হচ্ছে না বিধায় পরিত্যাক্ত ০২ টি টয়লেট ও সেপটি ট্যাংক জরুরী ভিত্তিতে নিলামে বিক্রয়ের প্রয়োজনী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | সভায় বিস্তরিত আলোচনান্তে নতুন ওয়াশব্লক নির্মাণের স্থলে পুরাতন ০২ টি টয়লেট ও সেফটি ট্যাংক দ্রুত নিলামে বিক্রী করে সেখানে নতুন ওয়াশব্লক এর নির্মাণ কাজ শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৯ | উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি | সভায় উপজেলা আনসার ভিডিপি অফিসার জানান যে, বর্তমানে আইন-শৃঙ্খলা পরিস্তিতি সন্তোষজনক। নারী ও শিশু পাচার প্রতিরোধ কার্যক্রম অব্যাহত আছে। মাদক নিয়ন্ত্রনে তিনি সর্বদা সজাগ দৃষ্টি রেখেছেন। গোয়েন্দা ভিত্তিতে কোথায় কোন মাদকের সন্ধান পেলে তিনি সাথে সাথে ব্যবস্থা গ্রহণ করেছেন। এছাড়া বাল্য বিবাহ প্রতিরোধ কার্যক্রম অব্যহত আছে। উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। এব্যাপারে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতার অনুরোধ করেছেন। | সভায় বিস্তরিত আলোচনান্তে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ রাখতে সকল জন প্রতিনিধীসহ সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগীতা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ভিডিপি অফিসার দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | বিবিধ আলোচনা উপজেলা মৎস্য দপ্তর। | সভায় সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জানান যে, সাগুরিয়া খালের মৎস্য অভয়াশ্রমটি পুনরায় মেরামত ও সংস্কার করা হয়েছে। অভয়াশ্রমটি রক্ষনাবেক্ষনে সকলের আন্তরিক সহযোগীতা প্রয়োজন। উপজেলা চেয়ারম্যান দিঘলিয়া ইউনিয়নের চেয়ারম্যানকে অভয়াশ্রমের পাশ্ববর্তী লোকদের সমন্বয়ে অভয়শ্রমটি রক্ষনাবেক্ষনের জন্য একটি কমিটি গঠনের জন্য অনুরোধ করেন। তিনি আরো বলেন দেশীয় প্রজাতির মাছের প্রদর্শনী স্থাপনের জন্য দরখাস্ত আহবান করা হলেও অদ্যাবধি কোন দরখাস্ত পাওয়া যায়নি। এপ্রিল মাসের ১০ তারিখের মধ্যে দরখাস্ত আহবান করা যাচ্ছে। এবিষয়ে উপস্থিত জনপ্রতিনিধিগণের দৃষ্টি আকর্যণ করা যাচ্ছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে অভয়াশ্রমটি রক্ষনাবেক্ষণের জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যন ও দিঘলিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদ্বয়ের সমন্বয়ে একটি কমিটি গঠন করে অভয়াশ্রমটি পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১১ | সিনিয়র অফিসার ও শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক দিঘলিয়া শাখা, খুলনা। | সভায় উপজেলা সিনিয়র অফিসার ও শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় অফিসার জানান যে, আড়ংঘা বাইপাস মোড়টি একটি ব্যস্ততম মোড়। এ ব্যস্ততম চৌরাস্তা মোড়টিতে প্রায়ই ছোট বড় দূর্ঘটনা ঘটছে উদাহরণ স্বরুপ গত ১০/০২/২০২৩ খ্রি: তারিখে সকাল আনুমানিক ৮.৩০ ঘটিকার দিকে মোটর সাইকেল ট্রাকের মুখোমুখি সংঘর্ষ ঘটে এবং তাৎক্ষনিক একজন পল্লী সঞ্চয় ব্যাংক দিঘলিয়া শাখায় কর্মরত জনাব মো: মিটুন চৌধুরী নিহত হন। এ ধরনের ঘটনা প্রায় ঘটছে খুলনা বাইপাস মহাসড়কে আড়ংঘাটা বাইপাস মোড়ে একটি গতি নিয়ন্ত্রক স্পিড ব্রেকার তৈরি করা গেলে গাড়ীর গতি কমিয়ে মোড় ক্রস করতে পারবে এবং দূর্ঘটনা অনেকাংশে হ্রাস পাবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে আড়ংঘাটা বাইপাস মোড়টিতে একটি গতি নিয়ন্ত্রক স্পিড ব্রেকার তৈরি করার বিষয়ে জেলা সমন্বয় কমিটির সভায় রোডস এ্যান্ড হাইওয়ের কর্মকর্তাদের অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| ১২ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর প্রস্তাব | প্রস্তাব-১ : উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ও উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় অনুমোদিত প্রকল্পসমূহ প্রকল্প কমিটি মাধ্যমে কাজ সমাপ্ত ও টেন্ডারের মাধ্যমে নির্বাচিত ঠিকাদারের মাধ্যমে কাজসমূহ প্রায় সমাপ্তির পর্যায়ে।<br><br>প্রস্তাব-২ : উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২২-২৩ অর্থবছরের প্রথম কিস্তির বরাদ্দকৃত টাকা=১৬,৭৫,০০০/- কে ৪ (চার) কিস্তি ধরে মোট=৬৭,০০,০০০/- লক্ষ টাকার বিপরীতে স্কীম গ্রহণ করা হয়। কিন্তু ৪ র্থ কিস্তিতে ১৯,১৬,০০০/- (উনিশ লক্ষ ষোল হাজার ) টাকা বরাদ্দ দেওয়ায় মোট=৬৯,২৬,০০০/- (উনসত্তর লক্ষ ছাব্বিশ হাজার) টাকা দেওয়ায় ইতিমধ্যে =৬৭,০০,০০০/- লক্ষ টাকার স্কীম গ্রহণ করা হয়েছে। অবশিষ্ট =২,২৬,০০০/- (দুই লক্ষ ছাব্বিশ হাজার ) টাকার স্কীম গ্রহণ করা প্রয়োজন। তৎপ্রেক্ষিতে সভায় উপজেলা চেয়ারম্যান জানান যে, জনগুরুত্ব বিবেচনায় উক্ত টাকা বিপরীতে ২ টি স্কীমের প্রস্তাব করেন যথা: ১। সেনহাটী ইউনিয়নের ২ নং ওয়ার্ডের হাজীগ্রাম কেন্দ্রীয় ঈদগাহ্ উন্নয়ন ১,২৬,০০০/-। ২। উপজেলা শিল্পকলা একাডেমির বিভিন্ন উপকরণ/বাদ্যযন্ত্র ক্রয় =১,০০,০০০/-যা প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে।<br><br>প্রস্তাব-৩: সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা পরিষদের বাসা বাড়ি মেরামত কাজের টেন্ডার বিজ্ঞপ্তির নোটিশ ২ টি পত্রিকায় প্রকাশ করা হয়। উক্ত পত্রিকা দুইটির বিজ্ঞপন বিল পাওয়া গিয়াছে বিল নিম্নরুপ:<br>১। দৈনিক বাংলা নবকন্ঠ টাকা=২৫,৯০৯/-<br>২। Daily present times Taka=১২,২৮৫/-<br>পত্রিকার বিল দুইটি পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হলো। | বিস্তারিত আলোচনান্তে প্রকল্পগুলি যাতে যথসময়ের মধ্যে বাস্তবায়ন করাসহ প্রস্তাবিত প্রকল্প ২ টির প্রাক্কলন ও প্রকল্প বাস্তবায়ন কমিটি আগামী সভায় উপস্থাপন করা এবং দুইটি পত্রিকার বিজ্ঞাপন বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | চেয়ারম্যান দিঘলিয়া ইউপি | সভায় চেয়ারম্যান দিঘলিয়া ইউপি জানান যে, মাতৃত্বকালীন ভাতার কার্ড প্রদানের ক্ষেত্রে সঠিক ভাবে যাচাই পূর্বক কার্ড বিতারণ করার জন্য তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পন কর্মকর্তাকে অনুরোধ করাসহ আশ্রয়ন প্রকল্পের ঘরের বৈদ্যুৎতিক সংযোগ এর কারণে ঘরে বসবাস করতে পারছেনা। এ কারণে আশ্রয়নের ঘরের বৈদ্যুৎতিক সংযোগ প্রদানের জন্য সভায় সুপারিশ করা হলো।, | সভায় বিস্তারিত আলোচনান্তে ভাতার কার্ড বিতারণের পূর্বে কয়টি ছেলে মেয়ে আছে তা যাচাইঅন্তে কার্ড বিতারন করাসহ আশ্রয়ন প্রকল্পের ঘরের বৈদুৎতিক সংযোগের ব্যবস্থাকল্পে বিদ্যুৎ বিভাগকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১৪ | চেয়ারম্যান আড়ংঘাটা ইউপি | সভায় চেয়ারম্যান আড়ংঘাটা ইউপি জানান যে, আড়ংঘাটা মাধ্যমিক বিদ্যলয়ের মিলনায়তন উন্নয়নের কাজ তিনি আরো বলেন সাতক্ষীরা সড়কের গাইকুড় প্রাথমিক বিদ্যালয় ও আড়ংঘাটা প্রাথমিক বিদ্যালয়ের সামনে গতিরোধক নির্মানের স্প্রিড ব্রেকার নির্মাণ করার জন্য সভায় উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে আগামী অর্থবছরের এডিপির বরাদ্দ স্বাপেক্ষে পরবর্তী ব্যবস্থা গ্রহণসহ সাতক্ষীরা সড়কে স্প্রিড ব্রেকার নির্মাণের বিষয়ে উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা |
| ১৫ | দিঘলিয়া উপজেলার হাট-বাজার ও আন্তঃইউনিয়ন খেয়াঘাটসমূহ বাংলা ১৪৩০ সালের জন্য ইজারা প্রদান সংক্রান্ত | সভায় উপজেলা নির্বহী বলেন যে, এ উপজেলায় ১৪৩০ বঙ্গাব্দের জন্য ১৪টি হাট বাজার ও ৪টি আন্তঃইউনিয়নের খেয়াঘাট ইজারা প্রদানের নিমিত্ত ইজারা বিজ্ঞপ্তি জারী করা হয় এবং দরপত্রসমূহ ১মপর্বে দরপত্র দাখিলের জন্য ২৭/০২/২০২৩ খ্রিঃ তারিখ নির্ধারণ করা হয়। নির্ধারিত ২৭/০২/২০২৩ খ্রিঃ তারিখে ১ম পর্বে ১৪টি হাট বাজারের মধ্যে ১১ টি হাট বাজার এবং ৪ টি আন্তঃইউনিয়ন খেয়াঘাটের মধ্যে ০৪ টি খেয়াঘাটের দরপত্র দাখিল হয়। অবশিষ্ট ৩টি হাট-বাজারের অনুকূলে কোন দরপত্র বিক্রয় বা দাখিল হয়নি। দাখিলকৃত দরপত্রসমূহ হাট বাজার দরপত্র মূল্যায়ন কমিটি এবং আন্তঃ ইউনিয়ন খেয়াঘাট ইজারা কমিটি কর্তৃক সংশ্লিষ্ট দরদাতাদের সম্মুখে খোলা হয় এবং যাচাই বাছাই অন্তে তুলনামূলক বিবরণী প্রস্তুত করা হয়। অতঃপর হাট-বাজার দরপত্র মূল্যায়ন কমিটি এবং খেয়াঘাট ইজারা কমিটির ২৭/০২/২০২৩ তারিখ হাট বাজার দরপত্র মূল্যায়ন কমিটির অনুষ্ঠিত সভায় ১১ টি হাট-বাজার এর অনুকূলে দাখিলকৃত দরপত্রে যে সকল দরদাতার দর সর্বোচ্চ হওয়ায় এবং অন্যান্য বিধি যথাযথভাবে সঠিক থাকায় সর্বোচ্চ দরদাতাদের অনুকূলে ইজারা প্রদানের নিমিত্ত অনুমোদনের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ বরাবর প্রেরণ জন্য সুপারিশ করেন। আন্তঃ ইউনিয়ন খেয়াঘাটসমূহ সর্বোচ্চ দরদাতার অনুকূলে ইজারা অনুমোদনের জন্য আন্তঃইউনিয়ন খেয়াঘাট ইজারা কমিটি কর্তৃক উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনের জন্য সুপারিশ করেন। অতঃপর উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় হাট-বাজার ইজারা প্রদান, ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা ২০১১ এর ৩.১ অনুচ্ছেদ মোতাবেক হাট-বাজার দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক সর্বোচ্চ দরদাতার অনুকূলে ১৪৩০ বঙ্গাব্দের জন্য ইজারা প্রদানের সুপারিশ | হাট-বাজার ইজারা মূল্যায়ন কমিটির কর্তৃক সুপারিশকৃত হাট বাজার সমুহ এবং আন্তঃইউনিয়ন খেয়াঘাটসমূহ ইজারা কমিটি কর্তৃক সুপারিশকৃত আন্তঃইউনিয়ন খেয়াঘাটসমূহ ১৪৩০ সনের বিধি মোতাবেক ইজারা কার্যক্রম সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | দিঘলিয়া উপজেলার হাট-বাজার ও আন্তঃইউনিয়ন খেয়াঘাটসমূহ বাংলা ১৪৩০ সালের জন্য ইজারা প্রদান সংক্রান্ত |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অনুমোদন প্রদান করেন এবং আন্তঃইউনিয়ন খেয়াঘাটের সর্বোচ্চ অনুমোদিত দরদাতার অনুকূলে ইজারা প্রদানের জন্য সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ কর্তৃক বিস্তারিত আলোচনা করেন। | | |
| ১৬ | দিঘলিয়া উপজেলার হাট-বাজার ও আন্তঃইউনিয়ন খেয়াঘাটসমূহ বাংলা ১৪৩০ সালের জন্য ইজারা প্রদানের ব্যয় নির্বাহ সংক্রান্ত | (ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার, জানান যে, দিঘলিয়া উপজেলার ১৪৩০ সনের ১৪টি হাট-বাজার ইজারা কার্যক্রম সম্পন্ন করার জন্য ২৬/০১/২০২৩ খ্রিঃ তারিখ হতে ইজারা কার্যক্রম শুরু করা হয়। ইজারা কার্যক্রম পরিচালনার জন্য ইজারা বিজ্ঞপ্তি পত্রিকায় ২৯/০১/২০২৩ তারিখ দৈনিক পূর্বাঞ্চল পত্রিকায় প্রকাশ করা হয়। ব্যাপক প্রচারের জন্য অত্র উপজেলার ছয়টি ইউনিয়নে ০৫ দিন ব্যাপী মাইকিং করা হয় এবং বিভিন্ন দপ্তরে বিজ্ঞপ্তি ও অন্যান্য চিঠিপত্র বিশেষ বাহক মারফত প্রেরণ করা হয়। অফিসের আনুসংঙ্গিক খরচসহ সভার পরিচালনার ব্যয় নির্বাহ সহ সর্বমোট -৪৭,৬০৫/-(সাতচল্লিশ হাজার ছয় শত পাঁচ ) টাকা ব্যয় হয়। তন্মধ্যে দৈনিক পূর্বাঞ্চল পত্রিকার বিল বাবদ =৩০,০৮০/- স্টেশনারী ও ফটোকপি=৬,৫২৫/- প্রচার খরচ ও মাইকিং=৬,০০০/- সভার খরচ আপ্যায়নসহ =৫,০০০/- সর্বমোট = ৪৭,৬০৫/-টাকা।<br>হাট-বাজার ইজারা প্রদান, ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা ২০১১ এর ২.৪ অনুচ্ছেদ মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব খাত হইতে ব্যয় নির্বাহ করা যাবে । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>(খ) সভায় উপজেলা নির্বাহী অফিসার, জানান যে, দিঘলিয়া উপজেলার ১৪৩০ সনের ইজারা প্রদানের জন্য ৪টি আন্তঃইউনিয়ন খেয়াঘাট ইজারা কার্যক্রম সম্পন্ন করার জন্য ২৬/০১/২০২৩ খ্রিঃ তারিখ হতে ইজারা কার্যক্রম শুরু করা হয়। ইজারা কার্যক্রম পরিচালনার জন্য ইজারা বিজ্ঞপ্তি পত্রিকায় ২৯/০১/২০২৩ তারিখ দৈনিক প্রবাহ পত্রিকায় প্রকাশ করা হয়। ব্যাপক প্রচারের জন্য অত্র উপজেলার ছয়টি ইউনিয়নে ০৫ দিন ব্যাপী মাইকিং করা হয় এবং বিভিন্ন দপ্তরে বিজ্ঞপ্তি ও অন্যান্য চিঠিপত্র বিশেষ বাহক মারফত প্রেরণ করা হয়। অফিসের আনুসংঙ্গিক খরচসহ সভার পরিচালনার ব্যয় নির্বাহ সহ সর্বমোট = টাকা ব্যয় হয়। তৎমধ্যে পত্রিকার বিল বাবদ =২৭,৭৩৭ /- স্টেশনারী ও ফটোকপি=৬,৫০০/- প্রচার খরচ ও মাইকিং=৭০০০/- সভার খরচ আপ্যায়নসহ =৪,৫০০/- সর্বমোট = ৪৫,৭৩৭ (পঁয়তাল্লিশ হাজার সাতশত সাইত্রিশ) টাকা<br>হস্তান্তরিত খেয়াঘাটের ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্ভূত আয় বন্টন সম্পর্কে নীতিমালা ২০০৩ এর ৫ এর (ক) অনুচ্ছেদ মোতাবেক ইজারা লব্ধ আয় হতে ব্যয় দরপত্র আহ্বান সংক্রান্ত ব্যয় নির্বাহ করা এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিধি মোতাবেক উপজেলা হাট-বাজার ইজারা প্রদান, ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা ২০১১ এবং<br>হস্তান্তরিত খেয়াঘাটের ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্ভূত আয় বন্টন সম্পর্কে নীতিমালা ২০০৩ এর ৫ এর (ক) অনুচ্ছেদ মোতাবেক প্রয়োজনীয় ব্যয় নির্বাহের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | দিঘলিয়া উপজেলার হাট-বাজার ও আন্তঃইউনিয়ন খেয়াঘাটসমূহ বাংলা ১৪৩০ সালের জন্য ইজারা প্রদানের ব্যয় নির্বাহ সংক্রান্ত |
| | উপজেলা নির্বাহী অফিসার | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ১৪৩০ বঙ্গাব্দের কোলা হাট-বাজারের মোট দাখিলকৃত ০২ (দুই) টি দরপত্র সর্বোচ্চ দরদাতার দাখিলকৃত ১০,০১,০০০/- (দশ লক্ষ এক হাজার) টাকার বিপরীতে ৩০% হিসাবে ৩,০০,০০০/- (তিন লক্ষ ) টাকার বিডি জমা দিয়েছেন যা দরপত্রের শর্তের তুলনায় বিডি ৩০০/- (তিনশত) টাকা কম রয়েছে। অপরদিকে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা ৯,৩০,০০০/- (নয় লক্ষ ত্রিশ হাজার) টাকার বিপরীতে ৩০% বিডি স্বরুপ ২,৮০,০০০/- (দুই লক্ষ আশি হাজার) টাকা যা দালিকৃত দরপত্রের বিডি স্বরুপ সঠিক রয়েছে। সেক্ষেত্রে ১ম সর্বোচ্চ দরদাতাকে টেন্ডার দিলে বিজ্ঞপ্তির ২নং শর্ত ভঙ্গ হয়। আবার ২য় দরদাতাকে টেন্ডার দিলে সরকারী আয় ৭১,০০০/- (একাত্তর হাজার ) টাকা কম হয়। এই পরিস্থিতিতে উপজেলা দরপত্র মূল্যায়ন কমিটির সদস্যগণ | সভায় বিস্তারিত আলোচনান্তে স্থানীয় সরকার বিভাগ প্রণীত ২১/০৯/২০১১ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২ .২০১১-৮৭০ নম্বর স্মারকের সরকারি হাট-বাজার সমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালার | উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সিদ্ধান্ত গ্রহণ করতে না পারায় মহোদয়ের সদয় সিদ্ধান্ত গ্রহণের জন্য জেলা প্রশাসক খুলনা মহোদয়ের নিকট পত্র প্রেরণ করা হয়। সে প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয় খুলনার স্থানীয় সরকার শাখার ২৭/০৩/২০২৩ খ্রি: স্থানীয় সরকার বিভাগ প্রণীত ২১/০৯/২০১১ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১-৮৭০ নম্বর স্মারকের সরকারি হাট-বাজার সমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতমালার অনুচ্ছেদ-৩ এর ৩.৪ মোতাবেক সাধারণ সভায় সিদ্ধান্ত গ্রহণ করার জন্য বলা হয়েছে। | অনুচ্ছেদ-৩ এর ৩.৪ মোতাবেক বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৮ | উপজেলা পরিষদ চেয়ারম্যান দিঘলিয়া, খুলনা। | সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান জানান যে, ১৪৩০ বঙ্গাব্দের কোলা হাট-বাজারের মোট দাখিলকৃত ০২ (দুই) টি দরপত্র সর্বোচ্চ দরদাতার দাখিলকৃত ১০,০১,০০০/- (দশ লক্ষ এক হাজার) টাকার বিপরীতে ৩০% হিসাবে ৩,০০,০০০/- (তিন লক্ষ ) টাকার বিডি জমা দিয়েছেন যা দরপত্রের শর্তের তুলনায় বিডি ৩০০/- (তিনশত) টাকা কম রয়েছে। অপরদিকে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা ৯,৩০,০০০/- (নয় লক্ষ ত্রিশ হাজার) টাকার বিপরীতে ৩০% বিডি স্বরুপ ২,৮০,০০০/- (দুই লক্ষ আশি হাজার) টাকা যা দালিকৃত দরপত্রের বিডি স্বরুপ সঠিক রয়েছে। সেক্ষেত্রে ১ম সর্বোচ্চ দরদাতাকে টেন্ডার দিলে বিজ্ঞপ্তির ২নং শর্ত ভঙ্গ হয়। আবার ২য় দরদাতাকে টেন্ডার দিলে সরকারী আয় ৭১,০০০/- (একাত্তর হাজার ) টাকা কম হয়। সেক্ষেত্রে সরকারের আর্থিক স্বার্থ রক্ষার নিমিত্ত প্রথম সর্বোচ্চ দরদাতার অনুকূলে কোলা হাট-বাজারটি বাংলা ১৪৩০ সনের জন্য ইজারা প্রদান করা যেতে পারে। এছাড়া তিনি আরো জানান যে, গোয়ালপাড়া পুকুরপাড় সড়কের পাশে বনায়ন সমিতির মাধ্যমে রোপিত গাছগুলো জনাব মোশারফ হোসেন রেঞ্জ কর্মকর্তা বিক্রি করে অর্থ আত্মসাথ করেছেন মর্মে সমিতির সদস্যগণ অভিযোগ করেছেন। রেঞ্জ কর্মকর্তার নামে গাছ কাটার ব্যাপারে উপকারভোগীরা থানায় মামলা করার কথাও জানিয়েছেন। বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারের আর্থিক বিবেচনার স্বার্থে প্রথম সর্বোচ্চ দরদাতার অনুকূলে বাংলা ১৪৩০ সনের জন্য ইজারা প্রদান করাসহ গোয়ালপাড়া পুকুরপাড় সড়কের পাশে বনায়নের গাছ বিক্রয়ের ব্যাপারে বিভাগীয় বন কর্মকর্তার বরাবর পত্র প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার দিঘলিয়া, খুলনা। |

| | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫০০০/-<br>০৩। উপজেলা পরিষদের কমিটির সভা পরিচালনা ব্যয় বাবদ=৮০০০/-<br>০৪। চেয়ারম্যান, মহোদয়ের ফেব্রুয়ারি/২০২৩ মাসের সম্মানী ও বাড়ীভাড়া = ৪৫,০০০/-<br>০৫। ভাইস চেয়ারম্যানের ফেব্রুয়ারি/২০২৩ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৬। মহিলা ভাইস চেয়ারম্যানের ফেব্রুয়ারি/২০২৩ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৭। জনাব টিমলা দাস, পরিচ্ছন্নতাকর্মী এর ফেব্রুয়ারি/২০২৩ মাসের দৈনিক ভাতা বাবদ=১৩,২০০/-<br>০৮। জনাব লিয়াকত আলী খান, মালী এর ফেব্রুয়ারি/২০২৩ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১২,৬৫০/-<br>০৯। চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া খুলনা এর ফেব্রুয়ারি/২০২৩ মাসের ভ্রমণ বিল বাবদ ১০,৬২৫/-<br>১০। ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর ফেব্রুয়ারি/২০২৩ মাসের ভ্রমণ বিল বাবদ=৬,০০০/-<br>১১। ভাইস চেয়ারম্যান মহিলা উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর ফেব্রুয়ারি/২০২৩ মাস ভ্রমণ বিল বাবদ= ৬,০০০/-<br>১২। সালেহা বেগম অফিস সহায়ক উপজেলা নির্বাহী অফিস এর নামে পরিষদের গেজেটেড কোয়াটার ও নির্বাহী অফিসারের বাসভবনের সেফটি ট্যাংকি পরিস্কার কাজের বিল বাবদ=২৪,৪০০/-<br>১৩। সালেহা বেগম অফিস সহায়ক উপজেলা নির্বাহী অফিস এর নামে পরিষদের অফিস কক্ষের আলমিরা ডেন্টিং পেন্টিং কাজের বিল বাবদ=২৫,০০০/- | ৩,৯২,৮৭৫/- |

| | |
|---|---|
| ১৪। সালেহা বেগম অফিস সহায়ক উপজেলা নির্বাহী অফিস এর নামে পরিষদের গেজেটেড কোয়াটার ও নির্বাহী অফিসারের বাসভবনের সেফটি ট্যাংকি পরিস্কার কাজের বিল বাবদ=২৫,০০০/-<br>১৫। সালেহা বেগম উপজেলা পরিষদের সৌর বিদ্যুৎ এর ব্যাটারি মেরামত কাজের বিল=১০,০০০/-<br>১৬। সালেহা বেগম অফিসা সহায়ক উপজেলা নির্বাহী অফিস এর নামে পরিষদের অফিস কক্ষের চেয়ার মেরামত কাজের বিল বাবদ=২৫,০০০/-<br>১৭। মোঃ হাফিজুর রহমান অফিস সহায়ক, উপজেলা পরিষদ, এর নামে পরিষদের বিভিন্ন স্থানে পরিস্কার পরিচ্ছন্ন কাজের বিল বাবদ=২৫,০০০/-<br>১৮। মোঃ হাফিজুর রহমান অফিস সহায়ক, উপজেলা পরিষদ, এর নামে পরিষদের আন্তজাতিক মাতৃভাষা দিবস যথাযথ ভাবে পালন উপলক্ষে বিভিন্ন খরচের বিল বাবদ=২০,০০০/-<br>১৯। মোঃ হাফিজুর রহমন অফিস সহায়ক, উপজেলা পরিষদ, এর নামে ফটোকপি মেসিন এর খুচরা যন্ত্রপাতি ক্রয় এ মেশিন মেরামত কাজের বিল বাবদ=২৪,০০০/-<br>২০। মোঃ হাফিজুর রহমান অফিস সহায়ক, উপজেলা পরিষদের অফিস কক্ষের কম্পিউটার এর খুচড়া যন্ত্রপাতি ও কালি ক্রয় এবং মেরামত কাজের বিল বাবদ=২৪,০০০/- | |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/০৩/২০২৩

(শেখ মারুফুল ইসলাম)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।

তারিখ: ২৭.০৩.২০২৩ খ্রি:

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০-

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। বেগম মন্নুজান সুফিয়ান, মাননীয় সংসদ সদস্য- খুলনা-৩ ও মাননীয় প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
০২। জনাব আব্দুস সালাম মূর্শেদী, মাননীয় সংসদ সদস্য- খুলনা-৪, ও সদস্য যুব ও ক্রীড়া এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য।
০৩। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৫। জেলা প্রশাসক, খুলনা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৭। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান মহিলা, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৮। উপজেলা ..................................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।
০৯। চেয়ারম্যান, ..................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।
১০। জনাব ..................................................................সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া, খুলনা।

২৭/০৩/২০২৩

(খান মাসুম বিল্লাহ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।
ফোন: ০৪১-৮৯০০০২

# দিঘলিয়া উপজেলা পরিষদের এপ্রিল/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-৪ )

সভাপতি : শেখ মারুফুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ২৭ এপ্রিল ২০২৩, বৃহস্পতিবার

সময় : বেলা ১২: ৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার দিনের সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত মার্চ ২০২৩, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | মার্চ ২০২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২. | স্থায়ী কমিটি সমূহের সভা | উপজেলা নির্বাহী অফিসার সভায় স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে কিনা জানতে চাইলে সংশ্লিষ্ট অফিস সহকারী জানান যে, এপ্রিল ২০২৩ মাসে ০৮ টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়কে, যথাসময়ে সভা আহবান পূর্বক সভার কার্যবিবরণী প্রেরণের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, নিয়মিতভাবে স্থায়ী কমিটির সভা আহবান করতে হবে এবং মাসিক সাধারন সভার কার্যবিবরনীতে অন্তর্ভুক্ত করারমত বিষয়টুকু গুছিয়ে এই কার্যবিবরণীর ফরমেটে সফট কপি ও হার্ড কপি দিতে হবে। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান- দ্বয় |
| ০৩ | উপজেলা পরিষদের আয়-ব্যয়সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: মার্চ/২০২৩ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়- /- ১১,৭৬,৮৫১/-<br>মোট ব্যয়- /- ৩,৫৪,৫৯১/- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৪ | উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো কমিটি। | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি ২০২২-২৩ অর্থবছরে (ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) (খ) উপজেলা ইউ.ডি এফ প্রকল্প এর যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কাজের জন্য বাছাইকৃত প্রকল্পসমূহের মধ্যে পি, আই, সি এর মাধ্যমে বাস্তবায়নযোগ্য স্কীম সমূহের কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট প্রকল্পগুলি e-gp পদ্ধতি অনুসরণ করে টেন্ডারের মাধ্যমে ঠিকাদার নির্বাচনের পর সকল কাজ প্রায় সমাপ্তির পথে। | সভায় বিস্তারিত আলোচনান্তে এডিপি ও উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় টেন্ডারকৃত বাকী প্রকল্পগুলো নির্ধারিত সময়ের মধ্যে যাতে দ্রুত সম্পন্ন হয় সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলাপল্লী উন্নয়ন কমিটি | সভায় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, বিআরডিবি সুফলভোগীদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে পুজি গঠন কার্যক্রম অব্যাহত আছে। এ পর্যন্ত পুজি গঠনের পরিমান ১২৮.২৯ লক্ষ টাকা। দপ্তরের আওতাধীন বিভিন্ন প্রকল্পে ২০২২-২৩ অর্থবছরে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ৪০১.৯৯ লক্ষ প্রায় যার ১০০% বিতরণ হবে মর্মে আশা পোষণ করেন। ইতোমধ্যে কোভিড-১৯ প্রণোদনা ঋণ বিতরণ ৬৬.৫০ লক্ষ টাকা, যার কিস্তি আদায়ের হার ১০০% এবং বিআরডিবির অন্যন্য প্রকল্প ও কর্মসূচীর মোট ১০৮.৫৬ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। চলতি অর্থবছরের ৯ মাসে ২১৯.৬৬ লক্ষ টাকা আদায় করা হয়েছে। চলতি ঋণ আদায়ের হার ১০০%। মেয়াদউত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ে ইউএনও মহোদয়, উপজেলা পরিষদ ও অফিসার ইন-চার্জ এর নিকট হতে আন্তরিক সহযোগীতা পাওয়ায় তিনি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার আরো বলেন যে, উপজেলা পরিষদের বেশিরভাগ অংশ নিরাপত্তার জন্য সিসি ক্যামেরার আওতায় আনা হয়েছে। অন্যান্য অফিসের ন্যয় উপজেলা পল্লী উন্নয়ন অফিসও সিসি ক্যামেরার আওতায় আনার জন্য উপজেলা আরডিবির অফিসর সভায় অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিআরডিবি'র স্বাভাবিক কার্যক্রম অব্যহত রাখা এবং উপজেলা পরিষদ সভায় উত্থাপনপূর্বক অনুমোদনের নিমিত্ত উপজেলা পরিষদের উত্তরপূর্ব কোনা তথা বিআরডিবির অফিস এলাকার নিরাপত্তা নিশ্চিত করণে সিসি ক্যামেরা স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৬ | উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন কমিটি | সভায় উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য অফিসার জানান যে, বর্তমান ২০২২-২৩ অর্থবছরে PS WSC প্রকল্পের আওতায় ১৫৬ টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া যায়। মাননীয় সংসদ সদস্য, খুলনা-৩ ও ৪ মহোদয় এবং স্থানীয় ইউপি চেয়ারম্যানবৃন্দের নিকট উক্ত বরাদ্দের অনুকুলে প্রাপ্ত স্থান তালিকা মোতাবেক কাজ শুরু করা হয়েছে। মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন (আশ্রয়ন প্রকল্পে) পরিবারের জন্য=১৪ টি গভীর নলকূপ স্থাপন কাজ চলমান আছে। এছাড়াও প্রাথমিক বিদ্যালয়ে ০৫ টি Wash Block নির্মান কাজ চলমান আছে। সদস্য সচিব সভাকে আরও জানান যে, অত্র উপজেলায় জনস্বাস্থ্য,স্যানিটেশন ও নিরাপদ পানি সরবরাহের বিষয়টি নিশ্চিত করতে হলে অবশ্যই নলকূপ স্থাপনের ক্ষেত্রে সেপ্টিক ট্যাংক/ সোক ওয়েল হতে নূন্যতম ১০ মিটার বা ৩০ ফুট দূরে নলকূপ স্থাপনের জন্য স্থান নির্বাচন করতে হবে। সরকারের পরিকল্পনা অনুযায়ী একটি নলকূপ হতে অন্তত পার্শ্ববর্তী ১০ টি পরিবারকে নিরাপদ পানি সরবরাহের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করে নলকূপ স্থাপনের জন্য স্থান নির্বাচন করতে হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে নীতিমালা অনুযায়ী প্রাপ্ত স্থান তালিকা মোতাবেক যথাযথ নিয়ম অনুযায়ী সকল কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অফিসার, দিঘলিয়া খুলনা। |
| ০৭ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা স্থায়ী কমিটি | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, গাজীরহাট উপ-স্বাস্থ্য কেন্দ্রে বর্তমান বিকল্প জায়গায় রোগীদের চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। বর্ষা মৌসুমে একটু বৃষ্টি হলেই রোগীদের চিকিৎসা সেবাদারী ও সেবা গ্রহীতাদের নানাবিধ সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। এ ধরনের সমস্যা উত্তরনের জন্য আরও ভাল কোন বিকল্প ভবনে চিকিৎসা সেবা দেওয়া যায় কি না সে ব্যাপারে মহোদয় উপজেলা পরিষদ কে দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন বর্ষা মৌসুমে ডেঙ্গু প্রতিরোধের জন্য আমাদের সকলকে সচেতন হতে হবে। পরিবেশ পরিচ্ছন্ন রাখতে হবে যাতে এডিস মশা বংশ বিস্তার করতে না পারে। | সভায় বিস্তারিত আলোচনান্তে গাজীরহাট পুরাতন ইউনিয়ন পরিষদ ভবনের যে কোন একটি কক্ষ বরাদ্দ স্বাপেক্ষে সেবা প্রত্যাশিত স্বাস্থ্যসেবা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ০৮ | উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি | সভায় উপজেলা মহিলা বিষয়ক অফিসার জানান যে, মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। তিনি বলেন আইজিএ প্রকল্পের প্রশিক্ষণ সাময়িক বন্ধ আছে। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের সরকারী নির্দেশনা অনুসারে প্রকল্পের কাজ চলমান আছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি বিধান অনুসরণ পূর্বক দাপ্তরিক কার্য পরিচালনাসহ ঋণ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিঘলিয়া, খুলনা। |

<table>
<tr>
<td>৯</td>
<td>উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি</td>
<td>সভায় উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, খামারী পর্যায়ে ভেটেরিনারি চিকিৎসা সহ অন্যান্য সেবা প্রদান করা হচ্ছে। তিনি বলেন যে, গ্রীষ্মকালীন মশা মাশির প্রখর বাড়ার ফলে গবাদি পশু পাখির লাম্পিস্কিন সংক্রমক রোগের প্রাদুর্ভাবের অনেক বেড়ে যায়। বিশেষ করে ক্ষুরা রোগের পাশাপাশি লাম্পি স্কিন ডিজিজ বেশ আক্রান্ত হয়। তাই এমতাবস্থায় ক্ষুরা রোগের ভ্যাকসিন ও পক্স ভ্যাকসিন প্রয়োগ করা ও খামারগুলিকে জীবানুমুক্ত রাখার জন্য জীবানুনাশক ব্যবহার একান্ত প্রয়োজন। এমতাবস্থায় সকল ইউনিয়নে ক্যাম্পেইন করে যদি জীবাণুনাশক ঔষধ ও ভ্যাকসিন ব্যবহার করা যেতো তাহলে অনেক খামারী ও কৃষকগণ বেশ উপকার পেতো। তাই প্রাণিসম্পদ উন্নয়নের জন্য পরিষদের উন্নয়ন তহবিল থেকে বরাদ্দ পাওয়া গেলে বা প্রকল্প প্রনয়ন করা গেলে কাজ করা সম্ভব বলে সদস্য -সচিব সভাকে জানান এবং প্রকল্প প্রদানের জন্য সভাকে অনুরোধ করেন। এই প্রকল্পের সম্ভাব্য ব্যয় ১, ২০,০০০/- (এক লক্ষ ভিশ হাজার) টাকা।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে সকল ইউনিয়নে ক্যাম্পেইন করে যদি জীবাণুনাশক ঔষধ ও ভ্যাকসিন ব্যবহার করাসহ রোগের প্রাদুর্ভাব দূরীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ অফিসার দিঘলিয়া, খুলনা।</td>
</tr>
<tr>
<td>১০</td>
<td>বিবিধ আলোচনা। উপজেলা যুব উন্নয়ন দপ্তর</td>
<td>সভায় উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, ২০২২-২৩ অর্থবছরে রাজস্ব খাতের ০৭ টি ব্যাচের ভ্রাম্যমাণ প্রশিক্ষণ কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে প্রশিক্ষণ পরিচালনার জন্য নির্দেশনা পাওয়া গিয়াছে। বছরে প্রশিক্ষণের লক্ষ্য মাত্রা ২১০ জন। নীতিমালা অনুযায়ী ২১০ জন যুব ও যুব মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ সম্পন্ন করা হবে। এখন পর্যন্ত প্রশিক্ষণ খাতের ০৭ ব্যচের প্রশিক্ষণ বাজেট পাওয়া গিয়াছে, বাজেট অনুযায়ী ০৫ টি ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। তিনি বলেন যুব ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা বছরে ৪৯,১০,০০০/- টাকা দেওয়া হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী বর্তমান মাস পর্যন্ত ১৩,৩০,০০০/- টাকার চেক যুব ও যুব মহিলা সদস্যদের মাঝে বিতরণ করা হয়েছে। চলতি মাসের যুব ঋণ আদায় শত ভাগ অর্জন করা সম্ভব হয়নি। তবে ঋণ আদায়ের জন্য তাগাদা দেওয়া হচ্ছে। দাপ্তরিক অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কার্য সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিঘলিয়া, খুলনা।</td>
</tr>
<tr>
<td>১১</td>
<td>উপজেলা প্রকৌশলী দপ্তর</td>
<td><u>প্রস্তাব-১ :</u> উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ও উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় অনুমোদিত প্রকল্পসমূহের প্রকল্প কমিটি ও টেন্ডারের মাধ্যমে নির্বাচিত ঠিকাদারের মাধ্যমে কাজসমূহ সমাপ্ত হয়েছে। বিগত মাসের মাসিক সভাল সিদ্ধান্ত মোতাবেক অতিরিক্ত বরাদ্দের বিপরীতে দুইটি প্রকল্পের প্রাক্কলন ও প্রকল্প কমিটি প্রস্তুত করে সভায় পেশ করা হলো। নিম্নরুপ<br>(ক) সেনহাটী ইউনিয়নের ২ নং ওয়ার্ডের হাজীগ্রাম কেন্দ্রীয় ঈদগাহ উন্নয়ন।
<table>
<tr><th>ক্র: নং</th><th>নাম ঠিকানা</th><th>ঠিকানা</th><th>পরিচয়</th><th>কমিটির পদবী</th></tr>
<tr><td>১</td><td>মোঃ রিপন মোড়ল</td><td>হাজীগ্রাম</td><td>ইউপি সদস্য</td><td>সভাপতি</td></tr>
<tr><td>২</td><td>মোঃ ইমরান হোসেন</td><td>হাজীগ্রাম</td><td>সমাজসেবাক</td><td>সদস্য-সচিব</td></tr>
<tr><td>৩</td><td>মোঃ জাহাঙ্গীর হোসেন</td><td>হাজীগ্রাম</td><td>শিক্ষক</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪</td><td>মোঃ ফরিদ হোসেন</td><td>হাজীগ্রাম</td><td>আনসার</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫</td><td>এস,এম, গোলাম রহমান</td><td>হাজীগ্রাম</td><td>গন্যমান্য</td><td>সদস্য</td></tr>
<tr><td>৬</td><td>মোঃ নাজমুল হাসান সবুজ</td><td>হাজীগ্রাম</td><td>সমাজসেবক</td><td>সদস্য</td></tr>
<tr><td>৭</td><td>মাওলানা মোঃ মিনারুল ইসলাম</td><td>হাজীগ্রাম</td><td>ইমাম</td><td>সদস্য</td></tr>
</table>
(খ) উপজেলা শিল্পকলা একাডেমি বাদ্যযন্ত্র ক্রয়।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে অতিরিক্ত বরাদ্দকৃত টাকার প্রাক্কলন ও প্রকল্পটি অনুমোদন এবং কাজটি দ্রুত বাস্তবায়ন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা।</td>
</tr>
</table>

| ক্র: নং | নাম ঠিকানা | ঠিকানা | পরিচয় | কমিটির পদবী |
|---|---|---|---|---|
| ১ | খান আরিফুল ইসলাম | দেয়াড়া | ইউপি সদস্য | সভাপতি |
| ২ | মোঃ আসাদ | দেয়াড়া | সমাজসেবাক | সদস্য-সচিব |
| ৩ | মোঃ ইসরাইল | দেয়াড়া | শিক্ষক | সদস্য |
| ৪ | মোঃ ফরহাদ হোসেন | গোয়ালপাড়া | আনসার | সদস্য |
| ৫ | মোঃ শাহিন হোসেন | গোয়াল পাড়া | গন্যমান্য | সদস্য |
| ৬ | মোঃ হামিম | দেয়াড়া | সমাজসেবক | সদস্য |
| ৭ | মোঃআজম মড়ল | পানিগাতী | সমাজসেবক | সদস্য |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | উপজেলা মৎস্য দপ্তর | সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, ২০২২-২৩ অর্থবছরে দেশীয় প্রজাতির মাছের প্রদর্শনী স্থাপনের নিমিত্ত সেনহাটি ইউনিয়ন হতে সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান ও উপজেলা চেয়ারম্যান কর্তৃক সুপারিশকৃত ০১ টি আবেদন পাওয়া গিয়েছে। সরেজমিনে উপর্যুক্ত প্রতীয়মান হওয়ায় আবেদনকারী জনাব মোঃ তৌহিদুল ইসলাম, সাং-চন্দনীমহল, ইউনিয়ন-সেনহাটী কে প্রদর্শনী চাষি হিসেবে বাছাই করা হলো। তিনি বলেন রাজস্ব অর্থায়নে ২০২২-২৩ দিঘলিয়া ইউনিয়নের খাজুরিয়া খাল ও সংলগ্ন বিলে ০১ টি এবং বারাকপুর ইউনিয়নের লাখোহাটি বিল ও সংলগ্ন খালে ০১ টি বিল নার্সারি স্থাপন করা হয়েছে। কার্যক্রম চলমান আছে। জেলে হিসেবে নিবন্ধন পাওয়ার জন্য সেনহাটি ইউনিয়ন হতে ০৮টি এবং বারাকপুর ইউনিয়ন হতে ০৭ টি আবেদন পাওয়া গিয়েছে। যাচাই-বাছাইয়ান্তে উক্ত ১৪ জন প্রকৃত মৎস্যজীবী হওয়ায় তাদেরকে জেলে হিসেবে নিবন্ধন প্রদানের জন্য সংশ্লিষ্ট উপজেলা কমিটি সিদ্ধান্ত গ্রহণ করেছেন। সামুদ্রিক মৎস্যজীবীদের তালিকা হালনাগাদ করার বিভাগীয় নির্দেশনার প্রেক্ষিতে যাচাই-বাছাই শেষে ০৬ জন মৎস্যজীবীকে সমুদ্রগামী জেলে হিসেবে চিহ্নিত করা হয়েছে। এছাড়া মৃত্যুবরণ করায় গাজীরহাট ইউনিয়নের ২০ জন, বারাকপুর ইউনিয়নের ০৮ জন, এবং সেনহাটি ইউনিয়নের ০৪ জনসহ মোট ৩২ জন জেলের নাম নিবন্ধিত জেলেদের তালিকা হতে বাদ দেওয়া হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কার্য সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৩ | উপজেলা প্রথমিক শিক্ষা দপ্তর | সভায় উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, সারাদেশের বিদ্যালয়বিহীন এলাকায় নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের জন্য সরকার প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে পত্র জারি করেছেন। উক্ত পত্রের আলোকে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী নীতমিালার আলোকে বিদ্যালয়বিহীন যে সকল এলাকা/গ্রাম আছে সে সকল এলাকায় নতুন করে বিদ্যালয় স্থাপনের জন্য প্রয়োজনীয় পরিমাণ জমি পাওয়া স্বাপেক্ষে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৪ | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর। | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, পরিবার পরিকল্পনা কার্যালয়ধীন যোগীপোল ইউনিয়ন ক্লিনিকের কোন স্থায়ী ভবন না থাকায় দীর্ঘদিন ধরেই ইউনিয়ন পরিষদের সহযোগীতায় সিটি কর্পোরেশনের আওতাভুক্ত একটি জায়গায় সেবা কার্যক্রম পরিচালিত হয়ে আসছিল। সম্প্রতি সিটি কর্পোরেশন কর্তৃক উক্ত স্থাপনা অপসারণ কারায় উপ পরিচালক, খুলনা মহোদয় যোগীপোল ইউনিয়ন পরিবার পরিকল্পনা ক্লিনিকের পরিবার কল্যাণ পরিদর্শিকা এবং আয়াকে অন্যত্র বদলি করেছেন। ফলে সেবা কার্যক্রম সাময়িকভাবে বন্ধ রয়েছে। এমতাবস্থায় যোগীপোল ইউনিয়ন পরিষদের সহযোগিতায় যদি কক্ষ বরাদ্দ পাওয়া যায় তাহলে | সভায় বিস্তারিত আলোচনান্তে যোগীপোল ইউনিয়ন পরিষদের যে কোন একটি কক্ষ বরাদ্দ সাপেক্ষে পুনরায় পরিবার পরিকল্পনা সেবা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিঘলিয়া, খুলনা। |